

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৬৭০০.০০০.১৪.০১০.১৫. ২৩২৫

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ  
২৪ মে ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ নারায়ণগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেঃপঃনাঃগঞ্জ/প্রকৌঃ/০৭/২০১৫-২০১৬/৩৪২, তারিখঃ ৬/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব তহবিলের আওতায় ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় গৃহীত রূপগঞ্জ উপজেলার “বানিয়াদী ঋষিপাড়া সুকুমারের বাড়ি হইতে পরিমলের বাড়ি হইয়া পানি উন্নয়ন বোর্ড ক্যানেল পর্যন্ত” পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পটির প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয় অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পটি বাস্তবায়ন করে মন্ত্রণালয়কে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্পটি সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ নারায়ণগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথাটি লিখে ফলক লাগাতে হবে।

(মোঃ জাহিদ হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)